প্রথম আলো

তারিখ ..05 OCT...2017.. ...
পৃষ্ঠা ... ৫... কলাম.... ৬......

### আজ বিশ্ব শিক্ষক দিবস

# স্কুল পর্যায় থেকেই পেশাগত দক্ষতা বাড়ানোর তাগিদ

নিজস্ব প্রতিবেদক ●

আজ ৫ অক্টোবর, বিশ্ব শিক্ষক দিবস। দিবসটি উপলক্ষে বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে শিক্ষকসহ শিক্ষাসংশ্লিষ্ট বিভিন্ন সংগঠন। এ উপলক্ষে গতকাল বুধবার এক গোলটেবিল আলোচনায় বক্তারা বলেছেন, বর্তমান পৃথিবীর সঙ্গে এগিয়ে চলতে সব মাধ্যমেই বিদ্যালয় পর্যায় থেকে তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি পেশাগত দক্ষতা বাড়ানোর ওপর জোর দিতে হবে।

রাজধানীর বিশ্বসাহিত্য কেন্দ্রে 'দ্রুত পরিবর্তনশীল পৃথিবীর জন্য শিক্ষা নিয়ে নতুন ভাবনা' শীর্ষক এই আলোচনার আয়োজন করে বাংলাদেশ ইয়ুথ লিডারশিপ সেন্টার (বিওয়াইএলসি)। অনুষ্ঠানে ৩৬টি বাংলা-ইংরেজি মাধ্যমের বিদ্যালয় ও মাদ্রাসার শিক্ষকেরা অংশ নেন।

অনুষ্ঠানে শিক্ষাবিদ আবদুল্লাহ আবু সায়ীদ বলেন, পৃথিবীর সঙ্গে হাঁটতে হলে এখন শিক্ষার গুণগত মান বাড়ানোর দিকে নজর দিতে হবে। প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা গওহর রিজভী বলেন, পরিবর্তনের জন্য বাংলা স্কুল, ইংরেজি স্কুল, মাদ্রাসা—সবাইকে নিয়ে সামনে এগোতে হবে। প্রতিদিন নতুন নতুন জ্ঞান তৈরি হচ্ছে। কোনো একটি বিষয়ে জ্ঞানার্জন নয়, শিক্ষার লক্ষ্য হবে 'ট্রেনিং অব মাইন্ড', যাতে প্রতিনিয়ত নতুন জ্ঞান-ধারণা ব্যক্তি গ্রহণ করতে পারে।

অনুষ্ঠানে বক্তৃতা করেন শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মো. আলমগীর, রাজউক উত্তরা মডেল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল এম এম সালেহীন, সানিডেলের উপাধ্যক্ষ ইয়াসমিন হাবিব ও তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার অধ্যক্ষ মুফতি আবু ইউসুফ।